

# বর্তমান

কলকাতা, সোমবার ১৬ এপ্রিল ২০১৮, ২ বৈশাখ ১৪২৫

Bartar

## গৃহোঙ্গোষ্ঠী



### ঠাকুরপুকুর ক্যান্সার হাসপাতালে 'বিষ'

ঠাকুরপুকুর ক্যান্সার হাসপাতালের  
ডাঁড়োগী ও তাঁদের পরিবারের

সদস্যদের মনোরঞ্জনের জন্য  
আগামী ২১ এপ্রিল একটি  
নাট্যাভিনয় অনুষ্ঠিত হবে।  
নাটকটির নাম 'বিষ'। নাটকের  
কাহিনীর পটভূমিও ঠাকুরপুকুর  
ক্যান্সার হাসপাতাল। নাটককার  
এবং পরিচালক ডাঃ অমিতাভ  
ভট্টাচার্যও একসময়ে ঠাকুরপুকুর  
ক্যান্সার হাসপাতালেই কর্মরত  
ছিলেন। সে অবশ্য তিনি দশক  
আগের কথা। সেই সময়ে নিজের  
অভিজ্ঞতার ওপর ভিত্তি করেই  
লিখেছিলেন নাটকটি। ডাঃ  
অমিতাভ ভট্টাচার্য নিজে  
অভিনয়ও করেছেন এই নাটকে।  
প্রসঙ্গত উল্লেখ্য, অমিতাভবাবু  
পেশায় ডাক্তার হলেও, নেশায়

অভিনেতা ও নাট্যকর্মী। মঞ্চ ছাড়াও বড়  
এবং ছোট পর্দায় নিয়মিত দেখা যায়  
তাঁকে। ঠাকুরপুকুর ক্যান্সার  
হাসপাতালের ডিইস্ট্রিবিউটর ডাঃ অর্ণব  
গুপ্তের পরিচালনায় নাটক শুরুর আগে  
পরিবেশিত হবে একটি সঙ্গীতানুষ্ঠানও।  
ওই সঙ্গীতানুষ্ঠানে অশে নেবেন  
হাসপাতালের ডাক্তার, রোগী এবং অন্য  
কর্মীরা। অনুষ্ঠান শুরু দুপুর ২টো। 'বিষ'  
নাটকটিতে অভিনয় করবেন ধৃতিকণা,  
ভট্টাচার্য, অনিলকুমাৎ দাশগুপ্ত, সন্দীপ রায়,  
সুকান্ত মুখোপাধ্যায় প্রমুখ। সঙ্গীত  
পরিচালক গোত্তম চক্রবর্তী, আবহ  
মানিক দত্ত ও অমিত ঘোষ, আলো  
বাবলু চৌধুরী। ডাঃ সরোজ গুপ্তের  
স্মৃতির উদ্দেশ্যে নির্বিদিত হবে সমগ্র  
অনুষ্ঠানটি।